চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org
Email- chuadangapourasava@lgd.gov.bd

পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ১১ম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শারমিন আক্তার
প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা
স্থান : পৌরসভা মিলনায়তন
তারিখ : ১৮/০৮/২০২৫ খ্রি.
সময় : বিকাল : ৩-৩০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং গত ২৩/০৭/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পৌর নির্বাহী কর্মকর্তা পাঠ করে শোনান। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো:

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০১	**পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:-** সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহিত হয়।	গত সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয়	পৌর পরিষদ
০২	**ট্রেড লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা:-** সভায় উপস্থিত জনাব মাকসুরা জান্নাত, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে অবস্থিত ব্যবসায়ীগণের ট্রেড লাইসেন্স এর কার্যক্রম বিষয়ে জানতে চাইলে লাইসেন্স পরিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশ জানান লাইসেন্স এর কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে এবং ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান আছে। সেক্ষেত্রে মন্ত্রনালয়ের নির্দেশনা অনুযায়ী সকল ডাটা অনলাইনে এন্ট্রি করা প্রয়োজন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ সকল ব্যবসায়ীগণের ডাটা অনলাইনে এন্ট্রি করার জন্য লাইসেন্স পরিদর্শককে নির্দেশনা দেন। লাইসেন্স পরিদর্শক সভায় জানান জুলাই/২০২৫ মাসে লাইসেন্স নবায়ন হয়েছে মোট ৯৪৮টি এবং আয় হয়েছে ৩০,৬০,২৭০/- টাকা।	পৌর এলাকার মধ্যে অবস্থিত সকল ব্যবসায়ীগণের ডাটা অনলাইনে কম্পিউটারে এন্ট্রি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়	লাইসেন্স শাখা
০৩	**পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আালোচনা:-** সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান বলেন ১৯,৯৯,৯৮,৫১৭.০০ (উনিশ কোটি নিরানব্বই লক্ষ আটানব্বই হাজার পাঁচশত সতের) টাকার নিম্মেবর্ণিত কাজগুলো বাস্তবায়নের জন্য ইতোমধ্যে বাস্তবায়ন করার প্রক্রিয়া চলমান আছে। সভায় উপস্থিত জনাব মোঃ মহসিন, নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন দরপত্র প্রক্রিয়া নিয়মকানুন মেনে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন।	দরপত্র প্রক্রিয়া নিয়মকানুন মেনে সম্পন্ন করা এবং চলমান কাজের গুণগত মান বজায় রেখে বাস্তবায়ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়	প্রকৌশল বিভাগ

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
	Improvement of BC Road, Drain & Street Light from Boro Bazar Chourasta to Shakra Tola and Muchipara More via Poura College .(Ch 0+000 to 2+920) and Link-1 (Ch.0+000 to 0+350m), Link 2 (Ch. 0+000 to 0+300m). Improvement of BC Road, Drain & Street Light from Shosan More to Shiyalmari Bridge. (Ch. 0+000 to 3+180m) and link (Ch. 0+000 to 0+100m) সভায় উপস্থিত পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান জুলাই' ২০২৫ মাসে নক্সা অনুমোদন হয়েছে ০০টি ও দাখিল হয়েছে ১১টি। জুলাই'২০২৫ মাসে নক্সা বাবদ আয় হয়েছে ৪,১৯,৩২৬/-টাকা। পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাসেম বলেন জুলাই ২০২৫ মাসে জমির আইল সীমানা পরিমাপ করা হয়েছে ০৮টি এবং আয় হয়েছে ২৪,০০০/-টাকা।		
০৪	**পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনাঃ-** সভায় উপস্থিত পৌরসভার প্রধান নির্বাহী জনাব এম. সাইফুল্লাহ, জুলাই ২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম সভায় জানান যে, জুলাই/২৫ মাসে পানি শাখার মোট আয় হয়েছে ২৭,৪৫,০৩৬.৩০ টাকা ও ব্যয় হয়েছে ২২২,০৮,৫৪৫.০০ টাকা সমাপনি জের ৫,৩৬,৪৯১.৩০ টাকা এবং রাজস্ব খাতের আয় ৭৬,৬৩,৭২৮.০০ টাকা ও রাজস্ব খাতের মোট ব্যয় ৬৮,৫২,৩০৯.০০ টাকা সমাপনি জের ৮,১১,৪১৯.০০ টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়।	কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা ও আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	হিসাব রক্ষণ কর্মকর্তা
০৫	পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ- সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ চলতি অর্থ বছরের পৌরকর দাবী ও আদায়ের বিষয়ে জানতে চাইলে অত্র পৌরসভার এ্যাসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম জানান যে, মোট দাবী ৮,৩৯,১৯,৯২৮/-টাকা এবং জুলাই/২৫ মাসে আদায় হয়েছে ৯,,৩৫,৪৬৩.০০ টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পৌরকর আদায়ে তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন। সভায় উপস্থিত জনাব মোঃ মহসিন, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন পৌরসভার রাজস্ব আদায়ের স্বার্থে বকেয়া পৌরকর সহ হাল দাবী আদায়ের ক্ষেত্রে কর শাখাকে আরো তৎপর হওয়ার প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সর্বসম্মতিক্রমে তা বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পৌরসভার রাজস্ব আদায়ের স্বার্থে বকেয়া পৌরকর সহ হাল দাবী আদায়ের ক্ষেত্রে কর শাখাকে আরো তৎপর হওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়	এসেসর/কর শাখা
০৬	স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সর্ম্পকে আলোচনাঃ- সভায় উপস্থিত জনাব মোঃ মাসুদুর রহমান সরকার, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা আলোচনাকালে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান সভায় জানান জুলাই ২৫ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ৫২৮টি পুরুষ=২৬৮ ও মহিলা=৫৬০ এবং এক বছরের নীচে ১৭১টি ও মৃত্যু নিবন্ধন হয়েছে ২৪টি পুরুষ=১৪ ও মহিলা=১০। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ বলেন জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে যাহাতে কোন প্রকার অনিয়ম এবং সেবা গ্রহীতারা যেন হয়রানী না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল হওয়ার বিষয়ে নির্দেশনা দেন।	জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে যাহাতে কোন প্রকার অনিয়ম এবং সেবা গ্রহীতারা যেন হয়রানী না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল হওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সেনেটারী ইন্সপেক্টর/টিকাদান সুপারভাইজার
০৭	**ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনাঃ-** ক) সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন বিভিন্ন অভিযোগ গুলো তদন্ত করে নোটিশ প্রদান করার ক্ষেত্রে জন্ম নিবন্ধন ও স্যানিটেশন শাখায় একজন অফিস সহায়ক দেওয়ার জন্য প্রস্তাব করেন। সভায়	জন্ম নিবন্ধন ও স্যানিটারী শাখায় অফিস সহায়ক দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়	সেনেটারী ইন্সপেক্টর

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
	উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার প্রস্তাব মোতাবেক উক্ত শাখার কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার স্বার্থে একজন অফিস সহায়ক দেওয়ার জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে নির্দেশনা দেন। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর বলেন বর্তমান বাজারের সার্বিক পরিস্থিতি ভাল এবং পৌর এলাকায় অবস্থিত ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টারগুলো সরেজমিনে তদন্ত করে অনাপত্তি পত্র ও বর্জ্য ব্যবস্থাপনা চুক্তিপত্র দেওয়া হচ্ছে। সেই সাথে বাজার ও ক্লিনিক সহ হোটেল রেস্তোরা নিয়মিত মনিটরিং করা হচ্ছে। পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) জুলাই-২০২৫ ইং মাসে গরু জবেহ করা হয় ১৭১টি, ছাগল ৮৭৯টি।		
০৮	**খ) টিকাদান কর্মসুচী সর্ম্পকে আলোচনা:-** খ) সভায় টিকাদান কর্মসুচি সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন জুলাই/২০২৫ মাসে কাজের বিবরণ অত্র সভায় পেশ করেন। বিবরনঃ- বিসিজি-১৯২টি, পেন্টা-১, ১৯০টি, পেন্টা-২, ১৯৬টি, পেন্টা-৩, ১৩১টি, পোলিও-১, ১৯০টি, পোলিও-২, ১৯৬টি, পোলিও-৩, ১৩১টি, পিসিভি-১, ১৯০টি, পিসিভি-২, ১৯৬টি, পিসিভি-৩, ১৩১টি, এম আর-১, ২০১টি, এম আর-২, ১২৯টি, আইপিভি-১, ১৯০টি, আইপিভি-২, ১৩১টি, টিডি-১, ১১৮টি, টিডি-২, ১০৩টি, টিডি-৩, ১৩০টি, টিডি-৪, ১২৯টি, টিডি-৫, ১৬৭টি প্রদান করেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী টিকাদান কর্মসূচীর আওতায় টিকা কার্যক্রমের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সঠিক ভাবে দায়িত্ব পালনের জন্য টিকাদান সুপারভাইজারকে নির্দেশনা প্রদান করেন।	টিকাদান কার্যক্রমের কাজ গুরুত্ব সহকারে পালনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	টিকাদান সুপারভাইজার
	গ) ময়লা-আবর্জনা, পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনা: সভায় উপস্থিত জনাব মোঃ মাসুদুর রহমান সরকার, উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন পৌরসভার পাশে রাস্তায় কাঠ, ইট ও বালি দ্রুত অপসারণের জন্য প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ উক্ত কাঠ, বালি ও ইট দ্রুত অপসারনের জন্য কঞ্জারভেন্সী শাখাকে নির্দেশ দেন। সভায় উপস্থিত কঞ্জারভেন্সি পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমান বলেন পৌরসভার ৯টি ওয়ার্ডের ড্রেন পরিস্কার ও ডেঙ্গু প্রতিরোধে রাস্তায় পাশ হতে ঝোপ-ঝাড় পরিস্কার করা সহ মশার বিষ স্পে এর কাজ চলমান রয়েছে।	পৌরসভার পাশের রাস্তার রক্ষিত কাঠ, বালি ও ইট দ্রুত অপসারন, মশা নিধন স্প্রে করার কাজ ও ড্রেন পরিস্কার চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রকৌশল বিভাগ/কঞ্জারভেন্সী শাখা
০৯	**পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনা:** সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী দায়িত্ব প্রাপ্ত (পানি) শাখা নিম্ন আকারে জুলাই/২৫ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ১৩টা, পুনঃ সংযোগ ০০টা, ডায়া উন্নয়ন ০০ টা, নাম পরিবর্তন ০১টা, স্থান পরিবর্তন-০০টা, ডায়া কর্তন-০৩টা (খেলাপি গ্রাহক), ২০২৫-২০২৬ অর্থ বছরে জুন/২৬ পর্যন্ত মোট দাবী = ২,৯৯,৫৯,৬০০/-টাকা। জুলাই'২০২৫ইং পর্যন্ত মোট আদায় হয়েছে= ১৫,০৬,৪৫০/-টাকা, বকেয়া দাবী=৪৯,৫২,৮০৪/-টাকা, জুলাই'২০২৫ মাসে বকেয়া সহ আদায়=২১,৩৪,৮৯৬/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৫২৫৭টা ভাঃ, মোট পানির গ্রাহক সংখ্যা ৭৯২৩ (কর্তন ১১৮৮) মোট মটর গ্রাহক সংখ্যা ৮৮৭ টা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পানি শাখার কার্যক্রম আরো গতিশীল করা জন্য পানি শাখার দায়িত্বরত প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামানকে নির্দেশনা দেন।	পানি শাখার কার্যক্রম গতিশীল করার জন্য পানি শাখায় কর্মরত সবাইকে আরো দায়িত্বশীল হওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী
১০	বিবিধ: ১) ভূমি জরিপ প্রসঙ্গে আলোচনা: সভায় উপস্থিত পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির বলেন প্রতিটি প্লান অনুমোদনের পূর্বে পৌরসভার সার্ভেয়ার কর্তৃক ভূমি জরিপ এবং প্ল্যানের সাথে ভূমি জরিপের রিপোর্ট দাখিল করতে হবে মর্মে প্রস্তাব করেন।	১) প্রতিটি প্লানের ক্ষেত্রে ভূমি জরিপ ফি বাবদ ৩,০০০/-টাকা নেওয়ার	পৌর প্রশাসক

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
	সভায় উপস্থিত সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার প্রতিটি প্লানের জন্য ভূমি জরিপ ফি বাবদ ৩,০০০/-টাকা নির্ধারণ করার প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার প্রতিটি প্লানের ক্ষেত্রে ভূমি জরিপ ফি বাবদ ৩,০০০/-টাকা নেওয়ার বিষয়ে সভায় উপস্থিত কমিটির সকল সদস্যদের সম্মতিক্রমে নির্দেশনা দেন। **২) <u>পৌরসভার কাঁচা বাজার হতে গরুর ঘর অপসারণ করা প্রসঙ্গে আলোচনা:</u>** সভায় উপস্থিত স্যানিটারী পরিদর্শক জনাব নার্গিস জাহান বলেন পৌরসভার কাঁচা বাজারের পরিবেশ রক্ষার্থে গরুর ঘর অপসারণ করা জরুরী মর্মে প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় উপস্থিত কমিটির সকল সদস্য কাঁচা বাজার হতে গরুর ঘর অপসারণের বিষয় একমত পোষন করেন। সেক্ষেত্রে সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. সাইফুল্লাহ দ্রুত সময়ের মধ্যে পৌরসভার কাঁচা বাজার হতে গরুর ঘর অপসারনের জন্য কঞ্জারভেন্সী শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ দেন।	বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় ২) দ্রুত সময়ের মধ্যে পৌরসভার কাঁচা বাজার হতে গরুর ঘর অপসারনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়	

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১৮/৮/২৫

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৫/১০৭০(১৪) তারিখ: ০৯/০৯/২০২৫ খ্রি.

➢ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো:-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা
৪। প্রকল্প পরিচালক IUGIP এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
৫। বিভাগীয়/শাখা প্রধান, চুয়াডাঙ্গা পৌরসভা।
৬-১৪। জনাব...সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা।

১৮/৮/২৫

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা